শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬ আগারগাঁও
শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নং-২২.০২.০০০০.০১১.০৬.০০২.২২- ৯৮৮

২৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ ঃ ----------
১২ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. আবদুল হামিদ, মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর
স্থান : পরিবেশ অধিদপ্তর, নতুন ভবনের অডিটরিয়াম কক্ষ
সভার তারিখ : ২৬ মে ২০২২ খ্রিঃ
সময় : সকাল ১১:৩০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগীয় সমন্বয় সভায় অংশগ্রহণের জন্য সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানান। অতঃপর মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার কার্যক্রম শুরু করেন।

প্রথমে বিগত ১৯ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সকল কর্মকর্তার সম্মতি গৃহীত হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর পর্যায়ক্রমে বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, আলোচ্য সূচিতে অন্তর্ভূক্ত বিষয়সমূহ, বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের প্রস্তুতি, নিয়মিত কার্যক্রমের মাসিক অগ্রগতি এবং সদর দপ্তরসহ মাঠ কার্যালয়ের সমস্যা ও অনিষ্পন্ন বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	বিভিন্ন কার্যালয়ের অনিষ্পন্ন/পেন্ডিং কার্যক্রম সম্পর্কে আলোচনা	ক) প্রশাসন শাখা হতে প্রেরিত নির্ধারিত ছক মোতাবেক পরিবেশ অধিদপ্তরের সকল বিভাগ/অঞ্চল/মহানগর/গবেষণাগার কার্যালয়সমূহ প্রতি মাসে তাদের নিষ্পন্ন/অনিষ্পন্ন কার্যক্রমের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে।	ক) ১. পরিচালক (প্রশাসন/ বিভাগ/অঞ্চল/মহানগর/ গবেষণাগার/কক্সবাজার জেলা) ২. উপপরিচালক (সমন্বয়)
		খ) পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম মহানগর, নারায়ণগঞ্জ ও ঢাকা জেলা কার্যালয়ের পুরাতন অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	খ) ১. পরিচালক (চট্টগ্রাম অঞ্চল/চট্টগ্রাম মহানগর/ ঢাকা অঞ্চল) ২. উপপরিচালক (অর্থ/ঢাকা নারায়ণগঞ্জ)
		গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এর আওতায় দাখিলকৃত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	গ) ১. অতিরিক্ত মহাপরিচালক ২. পরিচালক (সকল) ৩. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
২.	বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের	ক) যথাযথ মর্যাদা ও গুরুত্ব সহকারে জাতীয় দিবস হিসেবে বিশ্ব পরিবেশ দিবস ২০২২ উদযাপন করতে হবে। অঞ্চল, বিভাগ, মহানগর, গবেষণাগার ও জেলা পর্যায়ে গৃহীত (বিতর্ক প্রতিযোগীতা, চিত্রাংকন,	ক) ১. পরিচালক (সদর দপ্তর/ বিভাগ/অঞ্চল/মহানগর/ ল্যাব/কক্সবাজার জেলা)

	প্রস্তুতি সম্পর্কে আলোচনা	র‍্যালী, বৃক্ষ রোপন, স্কুল প্রোগ্রাম ইত্যাদি) কার্যক্রমের সচিত্র প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। গৃহীত কার্যক্রমের সচিত্র তথ্যাদি সদর দপ্তরসহ সংশ্লিষ্ট কার্যালয়ের সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) আগামী সমন্বয় সভার পূর্বে পরিবেশ পদক-২০২২ এর জন্য প্রাপ্ত আবেদনসমূহ বিভাগীয় কমিটির মাধ্যমে যাচাই বাছাইপূর্বক সদর দপ্তরের টেকনিক্যাল কমিটিতে প্রেরণ করতে হবে। গ) পরিবেশ পদকের জন্য অদ্যবধি কোন আবেদন করেননি এমন উপযুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান থাকলে, তাঁর/তাঁদের প্রস্তাব চলতি মাসের মধ্যে সদর দপ্তরের সার্চ কমিটিতে প্রেরণ/কমিটিকে অবহিত করতে হবে। ঘ) বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষ্যে মাঠ পর্যায়ে গৃহীত কর্মসূচিসমূহের সাথে সংশ্লিষ্ট এলাকার বেসরকারি উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট শিল্প সমিতিসমূহকে সম্পৃক্ত করতে হবে। পাশাপাশি বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের উদ্যোক্তাগণকে এবং স্থানীয় শিল্প সমিতিসমূহকে তাঁদের প্রতিষ্ঠানে নিজ উদ্যোগে পরিবেশ দিবস উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে উৎসাহিত করতে হবে।	২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) পরিচালক (অঞ্চল/বিভাগ/ মহানগর কার্যালয়) গ) ১. পরিচালক (সদর দপ্তর/ বিভাগ/অঞ্চল/মহানগর/ ল্যাব/কক্সবাজার জেলা) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) ঘ) ১. পরিচালক (ছাড়পত্র/ বিভাগ/অঞ্চল/মহানগর/ ল্যাব/কক্সবাজার জেলা) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
৩.	স্থাপিত নতুন জেলা অফিসসমূহের কার্যক্রম বিষয়ক আলোচনা	পরিবেশ অধিদপ্তরের নতুন স্থাপিত জেলা কার্যালয়সমূহের দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে দূষণ বিরোধী অভিযান পরিচালনা ও মনিটরিং কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রয়োজনীয় পোর্টেবল যন্ত্রপাতির (যেমন- থিকনেস মিটার, ডেসিবেল মিটার, ইত্যাদি) চাহিদাপত্র আগামী ১৫ জুন ২০২২ তারিখের মধ্যে সদর দপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করবে। প্রশাসন শাখা প্রাপ্ত চাহিদা পত্র অনুযায়ী পোর্টেবল যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্যে আগামী বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ রাখার ব্যবস্থা গ্রহণ করবে।	১. পরিচালক (প্রশাসন/ বিভাগ/অঞ্চল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
৪.	পরিবেশ অধিদপ্তরের অর্গানোগ্রামে বর্ধিত জনবল অন্তর্ভুক্তির প্রস্তাব সর্ম্পকিত আলোচনা	পরিবেশ অধিদপ্তরের জনবল বিষয়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে প্রণীত জনবল কাঠামোর প্রস্তাব পর্যালোচনাপূর্বক দ্রুত চূড়ান্ত করতে হবে।	পরিচালক (প্রশাসন/ঢাকা মহানগর)
৫.	ইটভাটা/বায়ুদূষণ বিষয়ক আলোচনা	ক) মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ জেলার অবৈধ ইটভাটাসমূহ বন্ধে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের নিজস্ব এনফোর্সমেন্ট ও মোবাইল কোর্ট কার্যক্রমের পাশাপাশি জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের মাধ্যমে আরো অধিক পরিমাণে মোবাইল কোর্ট পরিচালনায় সংশ্লিষ্ট জেলাসমূহ উদ্যোগ গ্রহণ করবে। পরিচালক, ঢাকা অঞ্চল কার্যালয় সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়পূর্বক নির্দেশনা বাস্তবায়ন করবেন এবং পরবর্তী সভায় জেলাভিত্তিক অগ্রগতি পেশ করবেন।	ক) ১. পরিচালক (এনফোর্সমেন্ট/ঢাকা অঞ্চল) ২. উপপরিচালক (ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ)

		খ) আগামী ৭ দিনের মধ্যে প্রত্যেক বিভাগ/অঞ্চল/মহানগর কার্যালয় কর্তৃক প্রেরিত সকল ইটভাটা ও কংক্রিট ব্লক উৎপাদনকারী প্রতিষ্ঠানের সমন্বিত হালনাগাদ তালিকা (ঠিকানা, প্রযুক্তিগত ধরণ, উৎপাদন ক্ষমতা, ছাড়পত্রগত অবস্থা ইত্যাদি তথ্যসহ) প্রণয়নপূর্বক সদর দপ্তরের বায়ুমান ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করবে এবং বায়ুমান ব্যবস্থাপনা শাখা জেলা ভিত্তিক ইটভাটা ও কংক্রিট ব্লক উৎপাদনকারী প্রতিষ্ঠানের সমন্বিত হালনাগাদ তালিকা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। গ) বিদ্যমান CAMS ও C-CAMS -সমূহ পরিচালনা ও নিয়মিত রিপোর্ট প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/বিভাগ/মহানগর হতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে। পরিচালক (প্রশাসন), পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)-এর সহযোগিতায় উক্ত কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।	খ) ১.পরিচালক (বায়ুমান/ অঞ্চল/বিভাগ/ মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ৩. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) গ) পরিচালক (প্রশাসন/বায়ুমান)
৬.	মনিটরিং ও এনফোর্সমেন্ট কার্যক্রম বিষয়ক আলোচনা	পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে মাঠ পর্যায়ের সকল কার্যালয় কর্তৃক তার আওতাধীন এলাকায় মনিটরিং ও এনফোর্সমেন্ট কার্যক্রম আরো জোরদার করতে হবে। প্রতিমাসের ৩ (তিন) তারিখের মধ্যে অঞ্চল/বিভাগ/মহানগর কার্যালয় তার আওতাধীন এলাকায় পরিচালিত মোবাইল কোর্ট, এনফোর্সমেন্ট এবং মনিটরিং কার্যক্রমের সমন্বিত অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরের এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করবে। সদর দপ্তরের এনফোর্সমেন্ট শাখা প্রতিমাসের অগ্রগতি পূর্ববর্তী মাস ও বিগত বছরের একই সময়ে পরিচালিত অভিযানের সাথে তুলনামূলকভাবে উপস্থাপন করবে।	১. পরিচালক (এনফোর্সমেন্ট/অঞ্চল/ বিভাগ/মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
৭.	পরিবেশগত ছাড়পত্র প্রদান ও নবায়ন বিষয়ক আলোচনা	ক) সংশ্লিষ্ট সকল কার্যালয়ের মতামত গ্রহণপূর্বক পরিবেশগত ছাড়পত্র ও নবায়ন আবেদনের সাথে দাখিলের জন্য প্রযোজ্য কাগজপত্রের স্ট্যান্ডার্ড চেকলিস্টের খসড়া চূড়ান্ত করতে হবে। চূড়ান্তকৃত চেকলিস্ট মাঠ পর্যায়ের সকল কার্যালয় কর্তৃক আবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে। খ) লাল শ্রেণীর আবেদনের ক্ষেত্রে আবশ্যিকভাবে বিগত ২০/০৬/২০২১ তারিখে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র সংযুক্ত করে নথি প্রেরণ নিশ্চিত করতে হবে, অন্যথায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে জবাবদিহি করতে হবে। গ) প্রতি মাসের ৩ তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে ছাড়পত্রের আবেদন নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরের ছাড়পত্র শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। পরিবেশগত ছাড়পত্র শাখা প্রাপ্ত তথ্য সমন্বয়পূর্বক প্রতি মাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবে।	ক) ১. পরিচালক (ছাড়পত্র/ অঞ্চল/বিভাগ/মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) ১. পরিচালক (অঞ্চল/ বিভাগ/মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) গ) ১. পরিচালক (ছাড়পত্র/ অঞ্চল/বিভাগ/মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)

		ঘ) সবুজ ও কমলা-ক শ্রেণীর শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ছাড়পত্রের জন্য প্রস্তুতকৃত অভিন্ন শর্তাবলীর খসড়া সংশ্লিষ্ট সকল কার্যালয়ের মতামত গ্রহণপূর্বক আগামী সমন্বয় সভারপূর্বে চূড়ান্ত করতে হবে। ঙ) মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী আগামী ৩০ জুন ২০২২ এর মধ্যে তরল বর্জ্য নির্গমনকারী সকল শিল্প কারখানার ইটিপিতে IP Camera স্থাপন নিশ্চিত করতে হবে। আগামী ১ জুলাই ২০২২ তারিখের মধ্যে পরিচালক (ছাড়পত্র) মহাপরিচালক বরাবর এ বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবেন। চ) শিল্প কারখানার ইটিপিতে স্থাপিত IP Camera-সমূহ মনিটরিং-এর জন্য অধিদপ্তরের প্রয়োজনীয় সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	ঘ) পরিচালক (ছাড়পত্র) ঙ) ১. পরিচালক (ছাড়পত্র/ অঞ্চল/বিভাগ/মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) চ) পরিচালক (ছাড়পত্র/ পরিকল্পনা/আইটি)
৮.	পরিবেশ আদালতের চার্জশীট ও উচ্চ আদালতের রীট মোকদ্দমা নিষ্পত্তি বিষয়ক আলোচনা	ক) আগামী ৭ দিনের মধ্যে মহামান্য হাইকোর্ট বিভাগে চলমান রিট মামলা এবং বিজ্ঞ পরিবেশ আদালত/স্পেশাল ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন মামলাসমূহ নিয়মিত তদারকির লক্ষ্যে প্রত্যেক জেলায় এক/একাধিক কর্মকর্তাকে দায়-দায়িত্ব নির্দিষ্ট করে দিয়ে সদর দপ্তরের আইন শাখাকে অবহিত করতে হবে। খ) যে কোন রীট মামলা নিষ্পত্তিপূর্বক উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত নির্দেশনা দ্রুত বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট দূষণকারী প্রতিষ্ঠানে অতিদ্রুত এনফোর্সমেন্ট অভিযান পরিচালনাপূর্বক প্রতিষ্ঠানটি উচ্ছেদ/বন্ধের উদ্যোগ গ্রহণ করতে হবে। গ) আগামী সমন্বয় সভার পূর্বে বিভাগীয় কার্যালয়সমূহ নিজস্ব ব্যবস্থাপনায় তাদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের জন্য চার্জশীট দাখিল ও মামলা পরিচালনা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করবে।	ক) ১. পরিচালক (আইন/ অঞ্চল/ বিভাগ/ মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সংশ্লিষ্ট জেলা) খ) ১. পরিচালক(এনফোর্সমেন্ট/ আইন/অঞ্চল/বিভাগ/ মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সংশ্লিষ্ট জেলা) গ) পরিচালক (অঞ্চল/ বিভাগ/মহানগর/ কক্সবাজার জেলা কার্যালয়)
৯.	বিভিন্ন সেমিনার/ ওয়ার্কশপ/ বিদেশ সফর এর বিষয়ে আলোচনা	প্রত্যেক সভায় বিভিন্ন সেমিনার/কর্মশালা/বিদেশ সফর হতে অর্জিত জ্ঞান সংক্ষিপ্তভাবে উপস্থাপন অব্যাহত থাকবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ বিষয়ে সংক্ষিপ্ত প্রতিবেদন প্রস্তুতপূর্বক পাওয়ার পয়েন্টে উপস্থাপন করবেন।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
১০.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন বিষয়ে আলোচনা	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্ত করতে হবে।	১. পরিচালক (সকল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
১১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন বিষয়ক আলোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র (NIS) বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করতে হবে। যথাসময়ে মাঠ পর্যায়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা চূড়ান্ত করে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১. পরিচালক (সকল) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)

১২.	ECA এলাকা	ক) প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ অনুসারে কেউ যেন প্রতিবেশগত সংকটাপন্ন এলাকায় নিষিদ্ধ কর্মকান্ড সংগঠিত না করে এ বিষয়ে নির্দেশনা প্রদানপূর্বক পরিবেশ অধিদপ্তরের সকল অঞ্চল/মহানগর/বিভাগ/জেলা কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ পত্রে বর্ণিত নির্দেশনা বাস্তবায়নে সচেষ্ট থাকবেন এবং বর্ণিত এলাকায় কোন নিষিদ্ধ কর্মকান্ড/পরিবেশ দূষণ সংগঠিত হলে সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সদর দপ্তরের পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা শাখা)-কে অবহিত করবেন। খ) প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৬ এর বিধি ১৯ অনুসারে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকাভূক্ত কোনো ভূমির শ্রেণি পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের সম্মতি গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সার্বক্ষণীক যোগাযোগ রক্ষা করতে হবে। কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা শাখা)-এর সাথে যোগাযোগপূর্বক নিষ্পত্তি করতে হবে।	ক) ১. পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা) ২. পরিচালক (অঞ্চল/বিভাগ/মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ৩. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) -ঐ-
১৩.	পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসের ভবন নির্মাণের জন্য জমি বরাদ্দ গ্রহণ।	ক) BEST Project -এর আওতায় পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসের ভবন নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়সমূহ হতে জেলা প্রশাসকের সম্মতিপত্র, দাগ/খতিয়ান উল্লেখপূর্বক জমির বিবরণ, পারিপার্শ্বিক বর্ণনা, জমির সমকালীন বাজারদর, মৌজা রেট, ছবি/ভিডিও ইত্যাদি তথ্যসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব আগামী ৭ দিনের মধ্যে সদর দপ্তরের পরিকল্পনা শাখায় প্রেরণ করতে হবে। খ) যে সকল জেলা হতে ইতোমধ্যে ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসকের সম্পতি পাওয়া গিয়েছে, সে সকল জেলায় ভবন নির্মাণের জায়গা চিহ্নিতকরণপূর্বক দ্রুত সংশ্লিষ্ট জেলার সাইট সিলেকশন কমিটিতে প্রেরণ করবে।	ক) ১. পরিচালক (পরিকল্পনা) ২. পরিচালক (অঞ্চল/বিভাগ/মহানগর/কক্সবাজার কার্যালয়) ৩. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা) খ) ১. পরিচালক (প্রশাসন/পরিকল্পনা) ২. পরিচালক (অঞ্চল/বিভাগ/মহানগর/কক্সবাজার কার্যালয়) ৩. উপপরিচালক/ সহকারী পরিচালক (সংশ্লিষ্ট সকল জেলা)
১৪.	বিবিধ ঃ	ক) আগামী সভার পূর্বে পরিবেশ অধিদপ্তরের বিদ্যমান বিভাগীয় গবেষণাগারসমূহ পরিদর্শনপূর্বক তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় সুপারিশসহ একটি Need Assessment প্রতিবেদন দাখিল করতে হবে। খ) চট্টগ্রাম (অঞ্চল, মহানগর ও জেলা) কার্যালয় কর্তৃক জব্দকৃত পলিথিনসমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে প্রচলিত সরকারি বিধিবিধান অনুযায়ী দ্রুত ধ্বংস/বিক্রি করার ব্যবস্থা করতে হবে। গ) রংপুর এবং ময়মনসিংহ বিভাগীয় গবেষণাগার চালুর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইতোপূর্বে কেস প্রকল্পের আওতায় রংপুর এবং ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ক্রয়কৃত গবেষণাগার সংশ্লিষ্ট ডিভাইসসমূহ অতি দ্রুত সদর দপ্তর হতে সংগ্রহ করবেন।	ক) উপপরিচালক (এনফোর্সমেন্ট) খ) পরিচালক (চট্টগ্রাম অঞ্চল/মহানগর) গ) ১. পরিচালক (প্রশাসন) ২. পরিচালক (সকল গবেষণাগার)

		ঘ) জুন ২০২২ মাসের মধ্যে পরিচালক (প্রশাসন), পরিচালক (ঢাকা গবেষণাগার)-এর সহায়তায় বিভিন্ন গবেষণাগারে কর্মরত নবীন কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একটি বাস্তব প্রশিক্ষণ আয়োজন করবে।	ঘ) ১. পরিচালক (প্রশাসন/ ঢাকা গবেষণাগার
		ঙ) আগামী ১৪ জুন ২০২২ তারিখের মধ্যে পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ মোতাবেক যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক চলতি অর্থ বছরের ব্যয় অনুযায়ী পরবর্তী ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রণয়ন সম্পন্ন করতে হবে।	ঙ) ১. পরিচালক (প্রশাসন) ২. পরিচালক (অঞ্চল/বিভাগ/ মহানগর/গবেষনাগার/ কক্সবাজার জেলা) ৩. উপপরিচালক (অর্থ) ৪. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা)
		চ) নির্ধারিত সময়ে অফিস খোলা এবং কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কেউ স্টেশন ত্যাগ করতে পারবে না।	চ) ১. পরিচালক (অঞ্চল/বিভাগ/ মহানগর/কক্সবাজার জেলা কার্যালয়) ২. উপপরিচালক/সহকারী পরিচালক (সংশ্লিষ্ট জেলা)

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. আবদুল হামিদ
মহাপরিচালক
ফোন: ৮১৮১৮০০
ই-মেইল: dg@doe.gov.bd

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (সকল), পরিবেশ অধিদপ্তর।
৩। নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল)/উপপরিচালক (সকল), পরিবেশ অধিদপ্তর।
৪। উপপরিচালক/সহকারী পরিচালক (সকল জেলা কার্যালয়), পরিবেশ অধিদপ্তর।
৫। সহকারী পরিচালক (সকল)/ সিনিয়র কেমিষ্ট (সকল)/গবেষণা কর্মকর্তা (সকল)/এনালিষ্ট (সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/গ্রন্থাগারিক /সহকারী প্রোগ্রামার, পরিবেশ অধিদপ্তর।

অনুলিপি ঃ

১। মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ,বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।